তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

NOV. 23 2000

34

# সমস্যা জর্জরিত মেহেরপুর কলেজে

# শিক্ষা কার্যক্রম ব্যাহত

মেহেরপুর সংবাদদাতা ॥ বন্যায় ক্ষতিগ্রস্ত মেহেরপুর পৌর কলেজে বিভিন্ন সমস্যার দরুন শিক্ষা কার্যক্রম বাধাপ্রাপ্ত হইতেছে।

কলেজের অফিস সূত্রে জানা যায়, বন্যায় কলেজের অবকাঠামোসহ আসবাবপত্রের ক্ষয়ক্ষতির পরিমাণ ৫ লক্ষাধিক টাকা। ১৯৯৪ সালের ১১ই নভেম্বর স্থানীয় দানশীল ব্যাক্তদের আর্থিক সহযোগিতায় ৭৮ শতক জমির উপর মেহেরপুর পৌর কলেজ প্রতিষ্ঠিত হয়। কলেজটি যশোর শিক্ষা বোর্ড কর্তৃক ১৯৯৭ সালের ১লা জুলাই একাডেমিক স্বীকৃতি পায়। ১৯৯৯ সালের ১লা এপ্রিল শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এই কলেজ এমপিওভুক্ত হয়। কলেজে বর্তমানে ১ জন অধ্যক্ষ, ১৩ জন প্রভাষক, ১ জন ক্রীড়া শিক্ষক, ১ জন লাইব্রেরীয়ান, ৩ জন অফিস সহকারী ও ৪ জন এম,এলএসএস কর্মরত আছেন। ১৯৯৭ সালে এই কলেজের ছাত্র/ছাত্রীরা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয়। পাশের হার ছিল ৩১ দশমিক ১১ ভাগ। কলেজে ৪ জন প্রভাষক ও ২ জন প্রদর্শকের পদ শূন্য রহিয়াছে। ইহাছাড়া লাইব্রেরী, খেলাধুলার সরঞ্জাম। বিজ্ঞানাগার, কমনরুম, শ্রেণীকক্ষ ও টিচার্স রুমের সংকট রহিয়াছে।

সূত্রটি জানায়, একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত হইলে সরকারীভাবে ফ্যাসিলিটিজ বিভাগ কর্তৃক সাধারণতঃ ৩৯ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে কলেজের বিল্ডিং করিয়া দেওয়া হয়। এই আলোকে মেহেরপুর জেলার সকল বেসরকারী কলেজের বিল্ডিং নির্মিত হইয়াছে। কিন্তু অদ্যাবধি পৌর কলেজের কোন বিল্ডিং নির্মিত হয় নাই।